গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং: ৩৫.০০.০০০০.০৩২.০১৪.০৪.১৬-৪২৫ তারিখঃ ০৩-১০-২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ "গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (ময়মনসিংহ জোন)" শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

গত ২৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখে "গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (ময়মনসিংহ জোন)" শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে।

Dmitra
০৩/১০/১৯

(দীপ জন মিত্র)
সহকারী প্রধান
ফোন-৯৫১৪২৬৬
E-mail: djmitra3505@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ)
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা
৪। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পন কমিশন, শের-ই-বাংলা, নগর, ঢাকা
৬। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৭। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ শাখা, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৯। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১০। উপপ্রধান (পরিকল্পনা ও কার্যক্রম), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১। উপপ্রধান (সওজ জিওবি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২। প্রকল্প পরিচালক ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ময়মনসিংহ জোন, ময়মনসিংহ

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬-৭। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

বিষয়ঃ **"গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (ময়মনসিংহ জোন)"** শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ	:	২৯ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ
সময়	:	বিকাল ০৩.০০ ঘটিকা
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

২. উপস্থাপনাঃ

২.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, ময়মনসিংহ জোনের ৩৯৫.৬৪ কিলোমিটার আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণের নিমিত্ত প্রকল্পটি ৭৯৮.১৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ ২০১৭ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন। প্রকল্পের মেয়াদ বৃদ্ধি, ভূমি অধিগ্রহণের ব্যয় বৃদ্ধি, ২টি প্যাকেজের (WP-02 এবং WP-03) ভেরিয়েশন, আয়কর ও ভ্যাট সমন্বয় এবং ডিপিপি সংশোধন ইত্যাদি কারনে অদ্যকার সভা আহবান করা হয়েছে।

৩. আলোচনাঃ

৩.১ সওজ অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, চলতি অর্থবছরে এ প্রকল্পের অনুকূলে এডিপিতে বরাদ্দ রয়েছে ২৫০.০০ কোটি টাকা। ভূমি অধিগ্রহণের দীর্ঘসূত্রিতা, অতি বর্ষনে চলমান কাজ সম্পাদনে বিলম্বতা এবং চলমান কাজের বর্ধিত প্যাকেজের ভেরিয়েশন এর কারণে প্রকল্পটির বর্তমান মেয়াদ ০১/০৩/২০১৭-৩১/১২/২০১৯ হতে ০১/০৩/২০১৭-৩০/০৬/২০২১ পর্যন্ত সময় বৃদ্ধি করা প্রয়োজন। এছাড়া, প্রকল্পের আওতায় প্যাকেজ নং WP-06, WP-07, WP-08 ইতোমধ্যে ভেরিয়েশন সম্পন্ন হয়েছে। কিন্তু ডিপিপি সংশোধন ব্যতিরেকে বর্ধিত কাজের বিল পরিশোধ করা সম্ভব হচ্ছে না।

৩.২ ভূমি অধিগ্রহনের ব্যয় বৃদ্ধি সম্পর্কে সওজ প্রতিনিধি অবহিত করেন যে, গফরগাঁও-বরমী-মাওনা মহাসড়কের (ময়মনসিংহ অংশ) প্যাকেজ নং WP-02, WP-03 আওতায় ভূমি অধিগ্রহণের নিমিত্তে ৪টি এল.এ. কেস যথাক্রমে ৬/২০১৭-১৮, ৭/২০১৭-১৮, ১০/২০১৭-১৮ ও ১১/২০১৭-১৮ খ্রিস্টাব্দ এর ৩ ধারা নোটিশ শেষ হয়েছে। তন্মধ্যে এল.এ. কেস নং ৬/২০১৭-১৮ ও ১০/২০১৭-১৮ অনুমোদনের জন্য ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ৭/২০১৭-১৮ ও ১১/২০১৭-১৮ ভূমি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য প্রক্রিয়াধীন আছে। উল্লেখ্য যে, ১.৫০ গুণ অতিরিক্ত ধরে ভূমি ক্ষতিপূরণ ডিপিপিতে অন্তর্ভুক্ত ছিল। পরবর্তীতে সরকারী সিদ্ধান্ত অনুসারে ভূমির ক্ষতিপূরণ ৩ গুণ বৃদ্ধি করায় ৪টি এল.এ. কেস চূড়ান্ত হওয়ার পর ব্যয় বৃদ্ধি পাবে। ভূমি অধিগ্রহণের প্রাক্কলন চূড়ান্ত করার জন্য নির্দেশনা দেয়া হয়। ভূমি অধিগ্রহণের ব্যয় বৃদ্ধির কারনে সংশোধনের প্রয়োজন হলে সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৩.৩ প্যাকেজ WP-02 এর আওতায় সড়কের ১ম (অং) ও ৮ম (অং) কিলোমিটারে বাজার এলাকায় বৃষ্টির পানি আউটলেট-এর জায়গা না থাকার কারণে ৮২৪.০০ মিটার আরসিসি রিজিড পেভমেন্ট নির্মাণ করা প্রয়োজন। এছাড়াও, সড়কের উভয় পার্শ্বে প্রচুর পরিমাণ মৎস্য খামার ও জলাশয় থাকায় ১২১৬ মিটার রক্ষাপ্রদ কাজ অতিরিক্ত প্রয়োজন হবে। প্যাকেজটির চুক্তিমূল্য ৬১১২.২০ লক্ষ টাকা হতে ৬৮৪৯.৭১ লক্ষ টাকা হবে যা প্রকল্পের চুক্তি মূল্যের উপর ৭৩৭.৫০ লক্ষ টাকা (প্রায় ১২.০৭%) বৃদ্ধি পাবে। প্যাকেজ WP-03 এর আওতায় সড়কের ১৫তম (অং) ও ১৬তম (অং) কিলোমিটারে বাজার এলাকায় বৃষ্টির পানি আউটলেট-এর জায়গা না থাকার কারণে ৫০০.০০ মিটার আরসিসি রিজিড পেভমেন্ট নির্মাণ করা প্রয়োজন হবে। সড়কের ১৭তম (অং), ১৮তম (অং), ২২তম (অং) ও ২৩তম (অং) কিলোমিটারে বিদ্যমান পেভমেন্ট বিধ্বস্থ হওয়ায় মোট ৪৬৫.০০ মিটার পেভমেন্ট পুনঃনির্মান করা প্রয়োজন হবে। এছাড়াও সড়কের উভয় পার্শ্বে প্রচুর পরিমাণ মৎস্য খামার ও জলাশয় থাকায় ৩৫৭০ মিটার স্লোপ প্রোটেকশনসহ ৮০০ মিটার প্যালাসাইডিং অতিরিক্ত প্রয়োজন হবে। প্যাকেজটির চুক্তিমূল্য ৮০৮০.৩১ লক্ষ টাকা হতে ৯১৫২.৯১ লক্ষ টাকা হবে যা প্রকল্প মূল্যের চেয়ে ১০৭২.৯১ লক্ষ টাকা (প্রায় ১৩.৩০%) বৃদ্ধি পাবে। বাস্তবতার আলোকে প্যাকেজ WP-02 ও WP-03 সংশোধনপূর্বক সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য পরামর্শ দেয়া হয়।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩.৪ পূর্ত কাজের মূল প্রাক্কলনে আয়কর ৬.০% ও ভ্যাট ৭.০ %অর্ন্তভুক্ত ছিল। পরবর্তীতে অর্থ বিভাগ কর্তৃক জুন ২০১৮ সালে জারীকৃত পরিপত্রে পূর্ত কাজে আয়কর ৭.০% ও ভ্যাট ৭.০% কর্তন করার সিদ্ধান্ত জারী হয়। পরবর্তীতে জুন ২০১৯ সালে জারীকৃত পরিপত্রে পূর্ত কাজে আয়কর ৫% এবং ভ্যাট ৭.৫% কর্তন করার সিদ্ধান্ত জারী হয়। অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন বাবদ অতিরিক্ত অর্থ দরপত্রের GCC Clause No. 70 (Sub Clause 70.2) অনুসারে আয়কর বাবদ কর্তনকৃত অতিরিক্ত অর্থ সমন্বয় করা প্রয়োজন।

৩.৫ প্রকল্পের আওতায় মানসম্মত সাইন সিগন্যালের ব্যবস্থা রাখতে নির্দেশনা দেয়া হয়। সেক্ষেত্রে, শেরপু-ময়মনসিংহ সড়কের সাইন সিগন্যালের অনুকরণে ব্যবস্থা গ্রহণ এবং পরিশিষ্ট আকারে ডিপিপি'তে সন্নিবেশ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩.৬ প্রকল্পে ভূমি অধিগ্রহনে ব্যয় বৃদ্ধি, প্যাকেজ WP-06, WP-07, WP-08 এ ভেরিয়েশনকৃত অতিরিক্ত অংশের পরিমান ও ব্যয় বৃদ্ধির কারনে অতিরিক্ত কাজের বিল পরিশোধ করা সম্ভব না হওয়ায় এবং প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হওয়ায় জরুরী ভিত্তিতে ডিপিপি সংশোধন করা প্রয়োজন। এ পর্যায়ে, ভূমি অধিগ্রহনে ব্যয় বৃদ্ধি ব্যতীত শুধুমাত্র পূর্ত কাজের সংশোধিত প্যাকেজ সমূহের অতিরিক্ত অঙ্গের পরিমাণ ও ব্যয়, ইউলিটি সিফটিং খাতের ব্যয় বৃদ্ধি এবং আয়কর ও ভ্যাটের অতিরিক্ত কর্তনকৃত অর্থ অন্তর্ভুক্ত করে ডিপিপি'র ব্যয় বৃদ্ধি/হ্রাস ১৫% এর মধ্যে সীমাবদ্ধ রেখে সংশোধিত ডিপিপি প্রস্তুত করার জন্য পরামর্শ দেয়া হয়। এ পর্যায়ে ডিপিইসি সভার সুপারিশক্রমে এ বিভাগ কর্তৃক ডিপিপি সংশোধন করার পরামর্শ দেয়া হয়। পরবর্তীতে ভূমি অধিগ্রহণের ব্যয় পুনঃ প্রাক্কলন করে পুনরায় ডিপিপি সংশোধনের উদ্যোগ গ্রহণ এবং ২য় সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য সংস্থাকে পরামর্শ দেয়া হয়।

৪. **সিদ্ধান্তঃ**

৪.১ প্রকল্পের কাজ যথাযথভাবে সম্পন্ন করার জন্য এ পর্যায়ে ১ (এক) বছর মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে;

৪.২ প্যাকেজ WP-02 ও WP-03 সংশোধনপূর্বক সংশোধিত ডিপিপি'তে অন্তর্ভুক্ত করে ভেরিয়েশনের ব্যবস্থা গ্রহণ করতে হবে; বিভিন্ন অংগ ও প্যাকেজের তুলনামূলক বিবরণী ছক পূরণপূর্বক তা সংশোধিত ডিপিপি'তে সংযুক্ত করতে হবে;

৪.৩ প্রকল্পের আওতায় মানসম্মত সাইন সিগন্যালের ব্যবস্থা রাখা অর্থাৎ শেরপু-ময়মনসিংহ সড়কের অনুকরণে সাইন-সিগন্যালের ব্যবস্থা গ্রহণ এবং পরিশিষ্ট আকারে ডিপিপি'তে সন্নিবেশ করতে হবে;

৪.৪ ভূমি অধিগ্রহনের ব্যয় বৃদ্ধি ব্যতীত শুধুমাত্র পূর্ত কাজের সংশোধিত প্যাকেজ সমূহের (WP-06, WP-07, WP-08) অতিরিক্ত অঙ্গের পরিমাণ ও ব্যয়, ইউলিটি সিফটিং খাতের ভেরিয়েশনের ফলে ব্যয় বৃদ্ধি এবং আয়কর ও ভ্যাটের অতিরিক্ত কর্তনকৃত অর্থ অন্তর্ভুক্ত করে ডিপিপি'র ব্যয় বৃদ্ধি/হ্রাস ১৫% এর মধ্যে সীমাবদ্ধ রেখে ডিপিইসি সভার সুপারিশক্রমে এ বিভাগ কর্তৃক ডিপিপি সংশোধন করতে হবে; এবং

৪.৫ পরবর্তীতে ভূমি অধিগ্রহণের ব্যয় পুনঃ প্রাক্কলন করে পুনরায় ডিপিপি সংশোধনের জন্য ২য় সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

৫। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ